

মাতা গন্ধেশ্বরীর শ্রী মন্দির

গন্ধবণিক মহাসভা - কলিকাতা পরিচালনাধীন মাতা গন্ধেশ্বরীর শ্রী মন্দির কলিকাতা চোরবাগান অঞ্চলস্থিত ৯, রাজেন্দ্র দেব রোড, কলিকাতা - ৭০০ ০০৭ ঠিকানায় অবস্থিত।

কিভাবে যাবেন :

- চিত্তরঞ্জন এভিনিউস্থিত রাম মন্দির স্টপেজে নেমে মুক্তারাম বাবু স্ট্রীট ধরে সোজা গিয়ে ডান দিকে রাস্তার ওপর।
- বিধান সরণী ঠনঠনিয়া কালীবাড়ী স্টপেজে নেমে সোজা পশ্চিম দিকে হেঁটে ডানদিকে ঘুরলেই মন্দির
- মেট্রোরেল মহাস্থা গান্ধী রোড স্টপেজে নামতে হবে।

মন্দির বিষয়ক :

এই মন্দিরের ভিত্তি স্থাপন করেছিলেন স্বর্গীয় বটকৃষ্ণ পাল মহাশয়ের পুত্র স্যার হরিশঙ্কর পাল মহাশয়, বাংলা ১৩৪৩ সনে।

শ্রীমন্দিরে অধিষ্ঠিতা মাতা গন্ধেশ্বরীর নিত্যপূজা ছাড়াও বৈশাখী পূর্ণিমায় প্রতি বৎসর মায়ের বাৎসরিক পূজা ধুমধামের সঙ্গে অনুষ্ঠিত হয়। গন্ধবণিক সম্প্রদায়ের সদস্যগণ ও ব্যবসায়ীবৃন্দ আসেন মায়ের কাছে প্রার্থনা করার ও পূজা দেবার জন্য। ব্যবসায়ীবৃন্দ তাঁদের হিসাবের খাতা ও ওজন পরিমাপের যন্ত্র দেবীর সামনে সাজিয়ে রাখেন। মায়ের আশীর্বাদ নিয়েই সারা বছরের ব্যবসার সমৃদ্ধিকামনা করা হয়। এই দিন মাতা গন্ধেশ্বরী দেবীকে খিচুড়ীর সাথে চম্‌ড়ির ভোগ নিবেদন করা হয়, যা পরে মন্দিরে উপস্থিত ভক্তদের মধ্যে বিতরণ করা হয়। মন্দিরের সামনে সংযুক্ত নাটমন্দিরটিতে ভোগ প্রস্তুত হয় এবং ভক্তদের মধ্যে নির্দিষ্ট মূল্যের বিনিময়ে কুপন মাধ্যমে ভোগ বিতরণ হয়।

বিগ্রহের বর্ণনা :

অষ্টধাতুর প্রতিমাটি প্রায় তিন ফুট লম্বা। এত বড় ভাস্কর্যটি একটি বিরল উদাহরণ।

দেবী চতুর্ভূজা, দেবী সিংহের পিঠের উপরে বসে ত্রিশূল হস্তে গন্ধাসুর রাক্ষসকে বধে নিয়োজিত।

মন্দিরের নিত্য দর্শনের সময় :

- সকাল ৯ টা হইতে সকাল ১১ টা
- সন্ধ্যা ৬ টা হইতে ৭ টা

সকালে ৯টায় ও সন্ধ্যা ৭ টায় নিত্যদিন পূজা হয়। ঐ সময় মাকে নিবেদিত পূজা গ্রহণ করা হয়।

যোগাযোগ : শ্রী স্বপন কুমার দত্ত, মোবাইল - ৯৮৩০৩০৬৮৪৪

সূত্র : কলিকাতা গন্ধবণিক মহাসভা অন্তর্গত

লেখিকা : ডালিয়া মুখার্জী - ২৬/৯/২০১৯

File: Ma Gandheswari Mandir